



# কর্ণফুলী রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা

## কর্ণফুলী ইপিজেড হাসপাতাল

উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪



সূত্রঃ ০৩.০৬.১৫৬৫.৩৩৫.১১.০০১.২৬/৩৫৭৯

তারিখঃ ৩০/০৩/২০২৬


## নিয়োগ বিজ্ঞপ্তি

কর্ণফুলী ইপিজেড হাসপাতাল ট্রাস্টি বোর্ড কর্তৃক পরিচালিত কর্ণফুলী ইপিজেড হাসপাতালে নিম্নোলিখিত পদে জনবল নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	২৮/০৪/২০২৬ তারিখে বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন স্কেল
০১	প্রধান চিকিৎসা কর্মকর্তা (চুক্তিভিত্তিক)	০১ জন	৬০ বছর	প্রার্থীকে অবশ্যই এফসিপিএস/এমপিএইচ ডিগ্রীধারী হতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অন্যান্য ডিগ্রী/ট্রেনিং থাকা বাঞ্ছনীয়। চিকিৎসা পেশায় অধিকতর অভিজ্ঞতাসম্পন্ন ও প্রশাসনিক কাজে দক্ষ/অভিজ্ঞ প্রার্থীদের নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।	আলোচনা সাপেক্ষে
০২	গাইনোকোলজিস্ট ও অবস (চুক্তিভিত্তিক) (সপ্তাহে ০৩দিন)	০১ জন	৪২ বৎসর বিশেষ ক্ষেত্রে ৫০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য	এফ.সি.পি.এস./এম.এস./ ডি.জি.ও. ডিগ্রীধারী অথবা বি.এম.ডি.সি. কর্তৃক স্বীকৃত সমমানের ডিগ্রীধারী। বি.এম.ডি.সি হতে রেজিস্ট্রেশন ধারী হতে হবে।	আলোচনা সাপেক্ষে
০৩	এম.এল.এস.এস. (স্থায়ীভিত্তিক)	০২ জন	৩২ বৎসর	এস.এস.সি পাশ।	৳,২৫০-২০,০১০/-
০৪	পরিচ্ছন্নতাকর্মী, (স্থায়ীভিত্তিক)	০২ জন	৩২ বৎসর	৮ম শ্রেণী পাশ।	৳,২৫০-২০,০১০/-

### শর্তাবলীঃ

- নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে আবেদন আগামী ২৮/০৪/২০২৬ তারিখের মধ্যে ডাকযোগে/কুরিয়ার সার্ভিস যোগে সদস্য সচিব, কর্ণফুলী ইপিজেড হাসপাতাল ট্রাস্টি বোর্ড, কর্ণফুলী ইপিজেড, প্রশাসন বিভাগ, কর্ণফুলী ইপিজেড হাসপাতাল, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪, বরাবরে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। অত্র অফিসে সরাসরি/হাতে-হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। উক্ত তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরম বেপজার ওয়েবসাইট [www.bepza.gov.bd](http://www.bepza.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে।
- খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।
- বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- চাকুরীরত প্রার্থীদের বেলায় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে। প্রাথমিক বাছাই এর পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র সর্বাধিক উপযুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক অথবা উভয় পরীক্ষায় অংশ গ্রহনের জন্য পত্র মারফত জানানো হবে।
- আবেদনের সাথে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র, চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয় পত্রের কপি এবং সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি দাখিল করতে হবে।
- Karnaphuli EPZ Hospital এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ০১ নং ও ০২নং পদে প্রধান চিকিৎসা কর্মকর্তা ও গাইনোকোলজিস্ট ও অবস ২০০/- টাকা এবং ০৩ নং ও ০৪নং পদে এম.এল.এস.এস ও পরিচ্ছন্নতাকর্মী ৫০/- টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে।
- কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে বোর্ড যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং আবেদনের সাথে দাখিলকৃত দলিলাদি ফেরতযোগ্য নয়। নিয়োগ প্রক্রিয়ায় বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কোন তদবীর বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

  
৩০.০৬.২০২৬

(মোহাম্মদ খালেদ চৌধুরী)

অতিরিক্ত নির্বাহী পরিচালক

(কঃ অপাঃ ও শিল্প সম্পর্ক) ও সদস্য সচিব

কর্ণফুলী ইপিজেড হাসপাতাল ট্রাস্টি বোর্ড

কর্ণফুলী ইপিজেড

স-৫৬৬ (১০x৪)